গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
আইন-১ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.shed.gov.bd

স্মারক নম্বর: ৩৭.০০.০০০০.০৯৩.০৪.০০১.২২.২৮ তারিখ: ১১ মাঘ ১৪২৮
২৫ জানুয়ারি ২০২২

বিষয়: **মহামান্য হাইকোর্টের বিভাগের রিট পিটিশন নং-৭৩৬১/২০২১ মামলার অন্তবর্তীকালীন আদেশ প্রেক্ষিতে আবেদনটি বিধি মোতাবেক নিষ্পত্তির প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ ।**

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে,গাইবান্ধা জেলার সদর উপজেলার গাইবান্ধা সরকারী মহিলা কলেজ এর নিয়োগ কমিটি লিখিত এবং মৌখিক পরীক্ষায় উত্তীণদের মধ্যে ০৫ (পাঁচ) জনের নিয়োগের জন্য সুপারিশ করা হয়। কিন্তু ০৫ (পাঁচ) জন প্রার্থীর মধ্যে ০৪ (চার) জন প্রার্থী নিয়োগ পত্র লাভ করে। অবশিষ্ট একজন অর্থাৎ ৫ম প্রার্থী মোঃ সঞ্জু কবির অদ্যাবধি নিয়োগ পত্র লাভ করেনি। এই প্রার্থী দীর্ঘ ২১ বৎসর যাবত অত্র কলেজ দিন হাজিরা কর্মচারী হিসাবে সামান্য ভাতায় কর্মরত আছেন। বিধায় অধ্যক্ষ, গাইবান্ধা সরকারী মহিলা কলেজ, এর নিয়োগ কমিটি কর্তৃক সুপারিশকৃত ৫ম প্রার্থী মোঃ সঞ্জু কবিরকে এম, এল, এস, এস এর শূন্য পদে নিয়োগদানের জন্য গত ০১/০৯/২০২০ ইং তারিখে আবেদন করেন।

অধ্যক্ষ, গাইবান্ধা সরকারী মহিলা কলেজ, গাইবান্ধা আবেদন পত্রেটি প্রেক্ষিতে কোন ব্যবস্থা গ্রহণ না করা সংক্ষুব্ধ হয়ে জনাব মোঃ সঞ্জু কবির মহামান্য হাইকোর্ট বিভাগে রিট পিটিশন নং-৭৩৬১/২০২১ মামলা দায়ের করেন। মহামান্য হাইকোর্ট বিভাগ এ মামলার ২৮/১২/২০২১ তারিখে নিম্নরূপ অন্তবর্তীকালীন আদেশ প্রদান করেন;

"The respondent No. 3 is directed to dispose of the petition's application dated 01.09.2020 as evident in (Annexure-G) to the instant writ petition in accordance with the relevant law and rules within 15 (fifteen) working days from the date of receipt of the instant order."

২। এমতাবস্থায়, মহামান্য হাইকোর্ট বিভাগ রিট পিটিশননং-৭৩৬১/২০২১ মামলার অন্তবর্তীকালীন আদেশের প্রেক্ষিতে **বাদীর ০১.০৯.২০২০ তারিখের আবেদনটি** (Annexure-G) বিধি মোতাবেক নিষ্পত্তির প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

২৫-১-২০২২
মো: আব্দুল জলিল মজুমদার
সহকারী সচিব

মহাপরিচালক (রুটিন দায়িত্ব)
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর

স্মারক নম্বর: ৩৭.০০.০০০০.০৯৩.০৪.০০১.২২.২৮/১(৪) তারিখ: ১১ মাঘ ১৪২৮
২৫ জানুয়ারি ২০২২

২৫ জানুয়ারি ২০২২

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

১) সচিব এর একান্ত সচিব, সচিবের দপ্তর, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ

২) সিনিয়র সিস্টেম এনালিস্ট, আইসিটি অধিশাখা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ

৩) তথ্য ও জনসংযোগ কর্মকর্তা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষাক বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়।

৪) ব্যক্তিগত কর্মকর্তা, নিরীক্ষা ও আইন অনুবিভাগ, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ

২৫-১-২০২২

মো: আব্দুল জলিল মজুমদার

সহকারী সচিব